

**ইসলামের দুশমন ও মসজিদ  
মাদ্রাসায় হামলাকারীদের  
বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিন**  
-চরমোনাইর পীর সাহেব

**প্রেস বিজ্ঞপ্তি :** ইসলামী শাসনতন্ত্র আন্দোলনের আমীর মাওলানা সৈয়দ মোঃ ফজলুল করীম পীর সাহেব চরমোনাই মাদ্রাসা, মসজিদে হামলা ও মুসলমানদের ইমান হরণের চক্রান্তে লিপ্ত এনকিও এবং তাদের দোষের সত্রাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন, ইসলামবিরোধী এনকিওদের মদদে একটি অপরাধি মুসলমানদের বাংলাদেশ থেকে নিষ্কাশ করতে মাদ্রাসা, মসজিদ, ইসলাম ও মুসলমানদের ইমানের ওপর আঘাত হানছে। ইসলাম, মুসলমান ও মাদ্রাসা-মসজিদবিরোধীদের চক্রান্তেরই বহিঃপ্রকাশ পটিয়া মাদ্রাসায় হামলা, জঙ্কর। পটিয়া মাদ্রাসায় ছাত্র-শিক্ষকদের উপরে এ হামলাকারীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক পাল্টা দিতে হবে।

গত শুক্রবার বাদ জুমা বরিশাল জেলার কীর্তনখোলা নদীর তীরে চরমোনাই মাদ্রাসা ময়দানে লাখ লাখ মুসল্লীর উপস্থিতিতে চরমোনাই মাহফিলের প্রথম দিনে উদ্বোধনী কয়ানে তিনি এ কথা বলেন।

**পটিয়া মাদ্রাসা থেকে চোখ না  
ফেরালে সত্রাসীদের পালাতেও  
দেয়া হবে না-মুফতী আমিনী**

**স্টাফ রিপোর্টার :** ইসলামী একাজেটের চেয়ারম্যান মুফতী ফজলুল হুক আমিনী এমপি এদেশের শীর্ষস্থানীয় ইসলামী কিনিয়াপিঠ পটিয়া মাদ্রাসায় সত্রাসী-হামলার তীব্র নির্ণা ও প্রতিবাদ জানিয়ে বলেছেন, পটিয়া মাদ্রাসা থেকে চোখ ফিরিয়ে না নিলে সারাদেশের তৌহিদী জনতা সত্রাসীদের পালানোর সুযোগও দেবে না। মাদ্রাসা রক্ষায় প্রয়োজনে মুসলমানরা সারাদেশ থেকে পটিয়া অভিমুখে লংমার্চ করবে।

তিনি গতকাল শুক্রবার চট্টগ্রামের আল জামিয়াতুল ইসলামিয়া বাবুনগর মাদ্রাসার ২ দিনব্যাপী ইসলামী সম্মেলনের দ্বিতীয় দিনে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।